

## বাংলাদেশ ভবনের জন্য জমি বরাদ্দ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের

### ■ ইত্তেফাক রিপোর্ট

'বাংলাদেশ ভবন' প্রতিষ্ঠার জন্য জমি বরাদ্দ করেছে পশ্চিমবঙ্গের বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয়। বাংলাদেশ ভবন প্রতিষ্ঠার বিষয়টি বর্তমানে ভারত ও বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে। এমতাবস্থায় বিশ্বভারতী কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ইন্দিরা গান্ধী সেন্টারের কাছে ভবন নির্মাণের উপযোগী জমি চূড়ান্ত করেছে এবং বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ ভবনের পরিকল্পনা, নকশা ও প্রকল্পের খরচের বিষয়ে আলোচনার জন্য বাংলাদেশ থেকে প্রতিনিধি দল প্রেরণেরও আহ্বান জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এখন পর্যন্ত সেখানে সাত হাজার বর্গফুট করে একটি বিশাল ভবন নির্মাণের কথা ভাবা হচ্ছে। এ ভবন নির্মাণ হলে বাংলাদেশ বিষয়ে গবেষণা ও পড়াশোনার জন্য শিক্ষার্থীদের মূল কেন্দ্রে পরিণত হবে এটি। বৃহস্পতিবার ঢাকা বিশ্ব ভারতী হাই কমিশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।